বাকেরগঞ্জ উপজেলা পরিষদের জুন ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোহাম্মদ শামসুল আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
বাকেরগঞ্জ, বরিশাল।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভার তারিখ ঃ ২৩ জুন ২০২২

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের হাজিরা রেজিষ্ট্রারে সংরক্ষিত।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে করোনা সংক্রমনের হার বৃদ্ধি পাচ্ছে । তিনি সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ জানান। কোভিড-১৯ ভ্যাকশিন কার্যক্রম ১ম ডোজ, ২য় ডোজ, ও ৩য় ডোজ চলমান আছে। এ ছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । কোন সমস্যা নেই । | সকলকে করোনার টিকা গ্রহনে উৎসাহিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় । উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগত রোগীরা যাতে সঠিক চিকিৎসা পায় সে দিকে খেয়াল রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসারের সভায় জানান যে, চলতি আমন মৌসুমে ১৬০০ জন কৃষককে কৃষি প্রনোদনা কর্মসূচির আওতায় বীজ ও সার বিতরণ করা হয় । মাঠ পর্যয়ের সার্বিক অবস্থা ভাল । সার ও বীজের কোন সংকট নেই | উপ সহকারী কৃষি কর্মকর্তকগণকে আরো তৎপর হওয়ার জন্য অনুরোধ জানানো হয়। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা কৃষি অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে,তাঁর দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । কোন সমস্যা নেই । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তকে অনুরোধ জানানো হয়। |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প আগামী অর্থবৎসর থেকে পুনরায় শুরু হচ্ছে । তাই তিনি সকল ইউনিয়ন থেকে সরকারি ও প্রতিষ্ঠানিক জলাশয়ের নামের তালিকা প্রেরণের জন্য অনুরোধ জানান । এছাড়া অবৈধ জাল নির্মূলসহ জেলেদের তালিকা প্রণয়ন এবং ভিজিএফ বিতরণ কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন । | সংস্কার করে মাছ চাষের উপযোগী জলাশয়ের তালিকা প্রেরণের জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় । এ উপজেলায় মৎসজীবীদের জন্য ভিজিএফ এর কার্ড বৃদ্ধির জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রদান করার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| ৫। প্রকৌশল বিভাগ | ১। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন তহবিলের কাজ প্রায় শেষ। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা কমপ্লেক্সের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মানের প্রস্তাবিত জায়গা পরিবর্তন হয়ে পুরাতন ভবনের সম্মুখ ভাগে নির্বাচিত করায় সংশ্লিষ্ট প্রকল্পের নির্দেশনা মোতাবেক Soil Test (SPT) করার আবশ্যকতা রয়েছে । | ১।সভায় বিস্তারিত আলোচনান্তে বর্তমানে নির্ধারিত সম্মুখভাগের জায়গায় নতুন সম্প্রসারিত প্রশাসনিক ভবনের জন্য Soil Test (SPT) করনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। তিনি সভায় জানান যে, এ উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা-৬৫,২৭২ জন, মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা-৫০,৭২৬ জন, পদ্ধতি গ্রহন কারীর হার ৭৭.৭১% । ক্লিনিক সেবা, এফডব্লিউ ভি এবং স্যাকমো আছে। তারা সার্বক্ষণিক সেবা দিয়ে থাবেন । তিনি আরও জানান যে, এ দপ্তরে জনবল সংকট চলছে । | বাকেরগঞ্জ উপজেলায় পরিবার পরিকল্পনা বিভাগে মঞ্জুরীকৃত পদের সংখ্যা, বিদ্যমানপদ, শুন্যপদ উল্লেখ করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে পত্র দেওয়া জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানন যে, সামাজিক নিরাপত্তা বেস্টনী (ভাতা কার্যক্রম) এর ২০২১-২০২২ অর্থ বছরের শেষ প্রান্তিক(এপ্রিল,২২ হক্তে জুন, ২২) পর্যন্ত সকল ভাতাভোগীদের ইএফটি এর মাধ্যমে পে- রোল প্রদান করা হয়েছে এবং ভাতাভোগীদের নগদ হিসাবে স্থানান্তর হয়েছে।তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে । | ১। সকল ভাতা ভোগীরা যেন সঠিকভাবে ভাতা পায় সেদিকে খেয়াল রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা উপজেলা সমাজসেবা অফিসার-কে অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| ৮। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৯। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কাজ স্বাভাবিক ও সুন্দর ভাবে চলছে এবং কোন সমস্যা নেই । | শিক্ষার মান বৃদ্ধির লক্ষে সরকারি সিদ্ধান্ত যথাযথভাবে পালন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| ১০। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। তবে করোনাকালীন পিরিয়ডে ঋন আদায় বেশ বিঘ্নিত হয়েছে । এ কারনে ঋন আদায়ের অগ্রগতি যাতে বৃদ্ধি করা যায় তার জন্য উপস্থিত সম্মানিত সকল সদস্যসহ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গনের আন্তরিক সহযোগিতা কামনা করেন । | খেলাপী ঋন আদায়ে সহযোগিতা করার জন্য মেয়র ও সকল ইউনিয়ন চেয়ারম্যাগণকে অনুরোধ জানানো হয় এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ১১। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ১২। উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, দ্রুততা ও আন্তরিকতা সাথে তার দপ্তর হতে নাগরিক সেবা প্রদান করা হয় । এ ছাড়াও ২০২১-২০২২ অর্থ বছরে অত্র কার্যালয় প্রাথমিক সাধারণ ১৩৯টি সমিতির অডিট বরাদ্দ ছিল । যাহা শতভাগ সম্পন্ন হয়েছে এবং ২০২২-২০২৩ অর্থ বছরে নতুন করে ১২৭ টি সমিতি নতুন করে অডিট বরাদ্দ দেয়া হয়েছে। সমবায়ীমনা জনগনকে উৎপাদনমুখী সমবায় সমিতি গঠনের জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে । প্রস্তাবিত সমিতি নিবন্ধনের পূর্বে উদ্যোক্তাদের প্রশিক্ষণ দেয়া হচ্ছে । | এ বিষয় আলোচনান্তে দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে সম্পাদনের জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ জানানো হয় । |
| ১৩। যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ১৪। ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান আছে । টি,আর কাবিটা কর্মসূচির কাজ সম্পন্ন করে ২৮ জুন ২০২২ তারিখের মধ্যে এবং কাবিখা কর্মসূচির কাজ সম্পন্ন করে ৩০ জুন ২০২২ খ্রিঃ তারিখের মধ্যে বি/ খাদ্যশস্য উত্তোলনের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যাগণকে অনুরোধ করা হলো । ঈদ-উল আযহার ভিজিএফ ২০২২ এর বরাদ্দ প্রাপ্তির সাথে সাথে উপ-বরাদ্দ প্রদান করা হবে অগ্রাধিকার তালিকা প্রস্তুতের জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগনকে অনুরোধ জানান । | টি আর কাবিখা সহ সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার জন্য এবং অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে যথাসম্ভব দ্রুত সময়ের মধ্যে দাখিলের জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় |
| ১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরের বরাদ্দকৃত সমগ্রদেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় গভীর নলকূপ স্থাপন কাজ প্রায় সম্পন্ন । ৩০শে জুনের আগেই কাজ সমাপ্ত হবে মর্মে জানান অফিসের অন্যান্য কাজ সুষ্ঠভাবে চলছে । | চলমান কাজগুলো দ্রুত শেষ করার জন্য অনুরোধ জানানো হয় । |
| ১৬। বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বাকেরগঞ্জ এস,এফ,পিসি সভায় জানান যে, তার দপ্তরের দৈনিন্দন কার্যক্রম স্বাভিবিক ভাবে চলছে । কোন সমস্যা নেই । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা যুব উন্নয় কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ১৭। উপজেলা আনসারভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের দাপ্তরিক কার্যাবলী যথা নিয়মে চলছে । কোন সমস্যা নেই । তিনি সভায় আরো জানান যে, যথাযোগ্য মর্যাদায় জাতীয় বৃক্ষরোপন/২০২২ উদযাপন করা হয় । আনসার ও ভিডিপি সদস্যদের নিয়ে অফিস আঙ্গিনায় বৃক্ষরোপন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয় । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা-কে অনুরোধ জানানো হয়। |
| ১৮। উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা খাদ্য কর্মকর্তা-কে অনুরোধ জানানো হয় |
| ১৯। উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যাণ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা-কে অনুরোধ জানানো হয় |

| | | |
|---|---|---|
| ২০ ।পল্লী সঞ্চয় ব্যাংক(আমার বাড়ী আমার খামার) | পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) এর শাখা ব্যবস্থাপক সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক বাকেরগঞ্জ শাখায় মেয়াদ উত্তীর্ণ খেলাপীর হার বেড়ে যাওয়ায় উপজেলঅ নির্বাহী অফিসারের নির্দেশে প্রতি ইউনিয়নে মাইকিং করা হয়েছে । এ ছাড়াও সকল কর্মীর জোর তৎপরতা ও এলাকার গন্যমান্য ব্যাক্তি/ জনপ্রতিনিধিদের সহযোগীতায় জুন/২০২২ মাসে এ পর্যন্ত ১.৮৩ (এক কোটি তিরাশি লক্ষ) টাকা আদায় হয়েছে এবং ১.৭২ (এক কোটি বাহাত্তর লক্ষ) ঋন বিতরণ করা হয়েছে যা অত্র উপজেলার মাসের আদায়ের সর্বচ্চ রেকর্ড। অত্র দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক চলমান আছে । | ঋন আদায়ের হার ১০০ ভাগ করার জন্য সকল মাঠ কর্মীর জোর তৎপরতা বাড়াতে হবে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লীসঞ্চয় ব্যাংক , বাকেরগঞ্জ শাখাকে অনুরোধ জানানো হয়। |
| বিবিধ | ১।চেয়ারম্যান রঙ্গশ্রী ইউনিয়ন পরিষদ তাঁর ইউনিয়নের হাটবাজার ইজারালব্দ অর্থের ১৫% হাট উন্নয়ন খাতের অর্থ দ্বারা নিম্নে উল্লেখিত প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন ।<br>ক) শ্যামপুর, কালিগঞ্জ, বোয়ালিয়া হাট ও বাহাদুরপুর গো-হাটে সিসি ক্যামেরা স্থাপন ।<br>খ) বোয়ালিয়া বাজারে টোল ঘর উন্নয়ন<br>গ) বোয়ালিয়া বাজারের তোহা বাজরে বালুদ্বারা ভরাট<br>ঘ) কালিগঞ্জ বাজারের ড্রেন নির্মান<br>ঙ) কালিগঞ্জ বাজারে স্টল নির্মান<br>চ) বাহাদুরপুর গো-হাটের বালু ভরাট<br>ছ) বাহাদুরপুর গো- হাটের আর সিসি রাস্তা নির্মান<br>জ) বাহাদুরপুর গো হাটের গো-সেট নির্মান ও সংস্কার<br>ঝ) বাহাদুরপুর গো-হাটের হাসিল ঘর সংস্কার<br>ঞ) বোতরা বাজারে ড্রেন সংস্কার করা<br>২। চেয়ারম্যান ফরিদপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তাঁর ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের ব্রিজের পুরাতন মালামাল ইউনিয়ন পরিষদে রক্ষিত আছে । উক্ত ব্রিজের পুরাতন মালামাল দিয়ে ভোজমহল নিজাম খাঁনের বাড়ির পশ্চিম পার্শ্বে খালের উপর দৈর্ঘ্য ৬৫ ফুট ও মধ্য ভাতশালা ৫নং ওয়ার্ডের রমেন সুজনের বাড়ির সামনে খালের দৈর্ঘ্য ৪০ ফুট ব্রিজ ২টি বাশের সাকো দ্বারা নির্মিত । উক্ত সাকো ২টি ইউনিয়ন পরিষদে রক্ষিত পুরাতন মালামাল দিয়ে নির্মান করলে এলাকার মানুষের অনেক উপকার হবে । তাই উক্ত মালামাল দিয়ে ব্রিজ ২টি নির্মানের প্রস্তাব করেন । | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলীর বাকেরগঞ্জ এর প্রাক্কালন এবং ইউনিয়ন পরিষদের রেজুলেশন সহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রকল্প দাখিলের জন্য চেয়ারম্যান রঙ্গশ্রী ইউনিয়ন পরিষদকে অনুরোধ জানানো হয় ।<br><br>২। সভায় বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে ফরিদপুর ইউনিয়ন পরিষদে রক্ষিত পুরাতন মালামাল দিয়ে প্রস্তাবিত ব্রিজ ২টি নির্মানের সিদ্ধান্ত গৃহীত হয় । চেয়ারম্যান ফরিদপুর উপজেলা প্রকৌশলী বাকেরগঞ্জ এর সাথে পরামর্শক্রমে ব্রিজ ২টি নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয় । |

সভায় অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে উপজেলা পরিষদের পক্ষথেকে ঈদুল আজহার অগ্রীম শুভেচ্ছা ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মদ শামসুল আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা

স্মারক নং-০৫.১০.০৬০৭.০০০.০৬.০০১.১৬-৫৮৪

তারিখ ঃ ২৩ জুন ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১২৪, বরিশাল-৬ (বাকেরগঞ্জ) নির্বাচনী এলাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, বরিশাল।
৫। মেয়র, বাকেরগঞ্জ পৌরসভা, বরিশাল।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাকেরগঞ্জ, বরিশাল।
৭। উপজেলা...............................................অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
৮। চেয়ারম্যান...........................................(সকল) ইউপি, বাকেরগঞ্জ, বরিশাল।

২৩/০৬/২২
সজল চন্দ্র শীল
উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল